



## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রকল্প পরিচালকের কার্যালয়

### “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা (PPS) নির্মাণ”

“রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা (PPS) নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদ	সংখ্যা	সর্বসাকুল্য বেতন	ন্যূনতম যোগ্যতা
১।	ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (সিভিল)	০১	২৫,০০০.০০	১। ৪-৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (সিভিল)। ২। যে কোন স্বনামধন্য পাওয়ার প্লান্টে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।
২।	ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (আইটি এবং সাইবার)	০১	২৫,০০০.০০	১। ৪-৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (আইটি এন্ড সাইবার)। ২। যে কোন স্বনামধন্য পাওয়ার প্লান্টে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।

নোট : নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতা প্রাপ্য হবেন।

চাকুরির স্থান : রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা।

#### অন্যান্য প্রয়োজনীয়তা/শর্তাবলী :

- প্রার্থীকে আগামী ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের কার্যালয়, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা সেল, এনএসপিএসি, জিএস শাখা (সমন্বয়), সেনাসদরে ডাকযোগে/সরাসরি আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, পাসপোর্ট সাইজের ছবি (০৩ কপি), TIN সনদপত্র এবং স্থানীয় চেয়ারম্যান/কমিশনার কর্তৃক স্বাক্ষরিত চারিত্রিক সনদপত্রসহ আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে নিয়োগপত্র প্রদানের পূর্বে গোয়েন্দা সংস্থা কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করা হবে।
- প্রার্থী সরাসরি কোন রাজনৈতিক মতবাদ/কর্মকাণ্ডের সাথে জড়িত থাকতে পারবে না।
- প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মোবাইল ফোন, সামাজিক যোগাযোগ মাধ্যম, বৈদেশিক ভ্রমণ ও মাদক সংক্রান্ত সকল প্রকার নিয়ম কানুন মেনে চলতে বাধ্য থাকতে হবে।

আইএসপিআর/সেনা/২০২২/৫৭৩  
৭/০৯/২২

জিডি-৯৫৮/২২ (৪'x৪)

প্রকল্প পরিচালক

“রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও  
ভৌত সুরক্ষা ব্যবস্থা (PPS) নির্মাণ” প্রকল্প